গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

স্মারক নং-৮০.০০.০০০০.৪০৮.২৩.০০১.২২-৫৮৬

তারিখ : ১৫ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

# শোক বার্তা

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া আজ ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখ মঙ্গলবার, ভোর ৬ টায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। জাতির ইতিহাসে বেগম খালেদা জিয়া ছিলেন এক সাহসী ও দূরদর্শী নেতৃত্বের প্রতীক। তিনি ১৯৯১ সালে সংসদীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার পর দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

বেগম খালেদা জিয়া বাংলাদেশের রাজনীতিতে একজন বিশিষ্ট ও প্রভাবশালী নেত্রী ছিলেন; তিনবারের প্রধানমন্ত্রী হিসেবে তিনি গণতান্ত্রিক মূল্যবোধ, সমাজ উন্নয়ন, নারীর রাজনৈতিক অংশগ্রহণ, প্রশাসনিক বিকেন্দ্রীকরণ ও রাষ্ট্রীয় দায়িত্ববোধের প্রতিচ্ছবি হয়ে ওঠেন। রাজনৈতিক জীবনে তিনি বহুদলীয় গণতন্ত্র ও সাংবিধানিক শাসনব্যবস্থার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন। তাঁর দৃঢ় নেতৃত্ব, দেশপ্রেম এবং দেশ ও জনগণের প্রতি অকৃত্তিম ভালবাসা ও অঙ্গীকার ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে।

দেশের রাজনৈতিক সংস্কৃতিতে তিনি যে শৃঙ্খলা, সহনশীলতা ও মানবিকতা প্রতিষ্ঠা করেছিলেন তা প্রজন্মের পর প্রজন্ম অনুপ্রেরণা জোগাবে। তাঁর মৃত্যুতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং কমিশন সচিবালয়ের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ গভীরভাবে শোকাহত।

একই সাথে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবার-পরিজন, স্বজন ও সহকর্মীদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

৩০/১২/২০২৫
(মোঃ আব্দুর রহমান তরফদার)
সচিব
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়